

নং- ৫৬৬/২৩


বিজ্ঞপ্তি
(উচ্চ মাধ্যমিক শাখা)

অত্র কলেজের উচ্চ মাধ্যমিক শাখার (২০২২-২০২৩ শিক্ষাবর্ষের) একাদশ শ্রেণির নিয়মিত শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, এসএসসি-২০২২ সালের পরীক্ষার ফলাফলের ভিত্তিতে বোর্ড বৃত্তি প্রাপ্ত ছাত্র-ছাত্রীদের বৃত্তির আবেদন এন্ট্রি করার লক্ষে নিম্নের কাগজপত্র আগামী ০৩/০৪/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে উচ্চ মাধ্যমিক শাখার অফিস কক্ষে জমা দেওয়ার জন্য নির্দেশ প্রদান করা হলো।

* ২০২০ খ্রি. হতে অত্র কলেজে অধ্যয়নরত বোর্ড বৃত্তি প্রাপ্ত যেসব শিক্ষার্থীর (ভুল এন্ট্রি অথবা এন্ট্রি না হওয়ার কারণে) বৃত্তির টাকা আসে নাই তাদেরকেও উক্ত সময়ের মধ্যে কাগজপত্রসহ উচ্চ মাধ্যমিক শাখার অফিস কক্ষে যোগাযোগের জন্য নির্দেশ প্রদান করা হলো।

* নিম্ন লিখিত কাগজপত্র অবশ্যই জমা দিতে হবে।

- ১। বোর্ড বৃত্তির গেজেট, মূল নম্বরপত্রের ফটোকপি, রেজিঃ নম্বরের ফটোকপি;
- ২। পিতা-মাতার আইডি কার্ডের ফটোকপি ১কপি;
- ৩। ১৮ বছরের উর্ধ্বের শিক্ষার্থীর নিজ নামে সচল অনলাইন (রাউটিং নম্বরসহ) ব্যাংক একাউন্ট নম্বর ;
- ৪। ১৮ বছরের নিচের শিক্ষার্থীর পিতা/মাতার নামের সাথে ছাত্র-ছাত্রীর যৌথ সচল অনলাইন(রাউটিং নম্বরসহ) ব্যাংক একাউন্ট নম্বর (একই একাউন্ট নম্বর দিয়ে একাধিক এন্ট্রি দেয়া যাবে না) ;
- ৫। শিক্ষার্থীর নাম ও অনলাইন ব্যাংক হিসাবের নাম অভিন্ন হতে হবে।
- ৬। শিক্ষার্থীর অনলাইন জন্ম নিবন্ধন সনদের ফটোকপি ১কপি;
- ৭। সাদা কাগজে, বৃত্তির ক্যাটাগরি, নিজ নাম, পিতা/মাতার (বাংলা) নাম, ব্যাংকের নাম ও শাখার নাম, মোবাইল নম্বর ও ক্লাস রোল।


অধ্যক্ষ

আনন্দ মোহন কলেজ
ময়মনসিংহ ।

ফোন : ০২৯৯৬৬-৬৬৭৬৯, ০২৯৯৬৬-৬৫৩৬৬।

কপি বন্টন :

- ১। উপাধ্যক্ষ, অত্র কলেজ ।
- ২। আইসিটি (কলেজ ওয়েবসাইটে প্রকাশ করা হোক) ।
- ৩। প্রধান সহকারী, অত্র কলেজ ।
- ৪। হিসাবরক্ষক, অত্র কলেজ ।
- ৫। সংরক্ষণ নথি ।